বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক সংবাদ

তারিখ 13 MAR 1995
পৃষ্ঠা ৫ কলাম ৬

52

যশোর বোর্ড

# শিক্ষা যুগ্মসচিব ও কর্মকর্তাদের মধ্যে বৈঠক অনুষ্ঠিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

যশোর, ১২ই মার্চ।— যশোর শিক্ষা বোর্ডের নিবন্ধন ও স্কুল অনুমোদন শাখার দুর্নীতি তদন্তে শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্মসচিব গিয়াসউদ্দীন ১০ই মার্চ দুপুরে যশোর বোর্ডে আসেন। তিনি চেয়ারম্যানের কক্ষে পদস্থ কর্মকর্তাদের সাথে বৈঠকে বসেন।

যুগ্মসচিবের শিক্ষা বোর্ডে আসার খবর পেয়ে বোর্ডের আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা বিকেলে তার সাথে সাক্ষাৎ করেন। শিক্ষকরা মানবিক কারণে ছাত্রদের পরীক্ষা দেবার সুযোগ দাবি করেন। অন্যথায় বোর্ডের কর্মকর্তা-কর্মচারীরা যে লাখ লাখ টাকা ঘুষ নিয়েছেন তা ফেরত চান।

যশোর বোর্ডের নিবন্ধন শাখার (মাধ্যমিক) দুর্নীতিবাজ কর্মকর্তা ও কর্মচারীরা নিবন্ধনপ্রতি ৪ হাজার করে টাকা নিয়ে প্রায় ৪০ হাজার ভুয়া পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন দেয়। একই সাথে স্কুল অনুমোদন বিভাগ ৪০ হাজার করে টাকা নিয়ে ১২৪টি স্কুলকে বেআইনীভাবে অনুমোদন দেয়।

যশোর বোর্ডের এই লাগামহীন দুর্নীতি তদন্তে কমিটি গঠিত হলেও তদন্তকাজ কার্যত কিছুই হয়নি। অভিযোগ রয়েছে চেয়ারম্যান সবকিছু জানা সত্ত্বেও আজ পর্যন্ত অজ্ঞাত কারণে বোর্ডের কোন কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থা নেননি। অথচ যে সব কর্মচারী এই দুর্নীতির সাথে জড়িত তারা সবাই চেয়ারম্যানের অত্যন্ত পরিচিত।

এই দুর্নীতির কারণে ৪০ হাজার পরীক্ষার্থী এবার এসএসসি পরীক্ষায় অংশ নিতে পারবে না।